দৈনিক সংবাদ

তারিখ ... 3 AUG 1988
পৃষ্ঠা ... 6



# কদমবাড়ী প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে লেখাপড়া বিঘ্নিত

মাদারীপুর, ২০শে আগষ্ট (সংবাদদাতা)।— মাদারীপুর জেলার রাজৈর উপজেলার কদমবাড়ী ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয় ও মাধ্যমিক বিদ্যালয় নানা সমস্যায় জর্জরিত। ফলে বিদ্যালয় দু'টিতে লেখাপড়া মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

কদমবাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়টি সংস্কারের অভাবে জরাজীর্ণ হয়ে পড়েছে। ভবনের দরজা, জানালা নড়বড়ে; সিলিং নেই। সম্প্রসারণ না করায় ছাত্র-ছাত্রীদের কে গাদাগাদি করে ক্লাস করতে হচ্ছে। প্রাথমিক বিদ্যালয়টিতে চেয়ার-টেবিল-বেঞ্চসহ বিভিন্ন আসবাব পত্রের তীব্র সংকট রয়েছে। বেঞ্চের অভাবে ছাত্র ছাত্রীদেরকে দাড়িয়ে ক্লাশ করতে হচ্ছে। উল্লেখ্য, এ প্রাথমিক বিদ্যালয়টিতে প্রায় ৬ শতাধিক ছাত্র-ছাত্রী লেখাপড়া করছে। এদিকে ১৯৪৩ সালে স্থাপিত কদমবাড়ী উচ্চ বিদ্যালয়টি বর্তমানে নানা সমস্যায় জর্জরিত। ফলে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

বর্তমানে এ বিদ্যালয়ে ৩শ' ৪০ জন ছাত্র-ছাত্রী অধ্যয়ন করলেও বিদ্যালয় ভবনের কোন সিলিং নেই। ফলে গরমের দিনে ছাত্র-ছাত্রীদেরকে অসহনীয় দুর্ভোগ পোহাতে হয়। বিদ্যালয়ে মেয়েদের জন্য আলাদা কোন কমনরুম নেই। বিজ্ঞান ভবন থাকলেও প্রয়োজনীয় যন্ত্রপাতি নেই। এছাড়া বিজ্ঞান ভবনের মেঝে এখনো পাকা করা হয়নি। এদিকে বিদ্যালয়টিতে প্রয়োজনীয় শিক্ষকের অভাব ছাড়াও প্রয়োজনীয় আসবাবপত্রের অভাব রয়েছে।